

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স ৪র্থ বর্ষের পরীক্ষার ফল প্রকাশ

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ১৮ নভেম্বর ২০২৪, ০০:৪৫



জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০২২ সালের অনার্স চতুর্থ বর্ষ পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

রোববার (১৭ নভেম্বর) একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে এ ফলাফল ঘোষণা করা হয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, এ পরীক্ষায় ৩১টি বিষয়ে ৮৪৬টি কলেজের ২ লাখ ৬৫ হাজার ৩৯৭ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। পরীক্ষার গড় পাসের হার ৭০ শতাংশ। পরীক্ষার ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([results.nu.ac.bd](http://results.nu.ac.bd) অথবা [www.nubd.info/results](http://www.nubd.info/results)) এ সন্ধ্যা ৬টায় পাওয়া যাবে।

উল্লেখ্য, ৪ বছরের সমন্বিত ফলাফল (CGPA) আগামী সপ্তাহে প্রকাশ করা হবে। প্রকাশিত ফলাফলে কোনো ধরনের অসঙ্গতি বা ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন অথবা ফলাফল সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ইত্তেফাক/এমএএম

বিষয়: